

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং -০৮

ফেব্রুয়ারী ১৪, ২০১০
তারিখ :-----
ফাল্গুন ০২, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক।

প্রিয় মহোদয়,

কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জানুয়ারী ১৭ ও ফেব্রুয়ারী ০৭, ২০১০ তারিখের যথাক্রমে বিআরপিডি সার্কুলার-০১ ও ০৭ এবং ফেব্রুয়ারী ০১, ২০১০ তারিখের বিআরপিডি(পি-১)/৭৬০/২(সার্ভিস চার্জ)/২০১০-৩২৯-৩৩৫ নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত নির্দেশনাসমূহের প্রেক্ষিতে ইতোমধ্যে আপনারা প্রশংসনীয় উদ্যোগ গ্রহণ করেছেন। প্রসংগত, সারা দেশে কৃষকের প্রায় ১,৮২,০০,০০০ টি (এক কোটি বিরাশি লক্ষ) আমানত হিসাব খোলা হবে। এটি একটি সময় নির্ভর ও শ্রম সাধ্য কাজ। এ কাজ manually করা অত্যন্ত কষ্টসাধ্য হবে বিধায় এ ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার অপরিহার্য। তথ্য প্রযুক্তির সহায়তা গ্রহণপূর্বক এ কার্যক্রম বাস্তবায়নে রোড ম্যাপ প্রণয়ন করতে হবে।

এমতাবস্থায়, কৃষকের ব্যাংক হিসাব খোলার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে আধুনিক প্রযুক্তি ব্যবহার সংক্রান্ত একটি রোড ম্যাপ প্রণয়নকরতঃ কর্মসূচীটির বাস্তবায়ন প্রতিবেদন আমাদেরকে অবহিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশস্ত,

স্বাক্ষরিত
(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১১৭৮২৫